

উপজেলা দুর্যোগব্যবস্থাপনা কমিটির বিশেষ সভা ।

সভাপতি : মোঃ কামাল হোসেন ।  
উপজেলা নির্বাহী অফিসার  
ভোলা সদর, ভোলা ।

সভার তারিখ : ০৮-১১-১৯শ্রিঃ

সময় : সকাল ১০.০০ ঘটিকা ।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পৃথক রেজিষ্টারে সংরক্ষিত আছে ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতি জানান বঙ্গোপ সাগরে অবস্থান রত ঘূর্ণিঝড় বুলবুল এর কারণে সমুদ্র বন্দরের জন্য ৪নং বিপদ সংকেত ঘোষণা দেয়া হয়েছে । এব্যাপারে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।

০১। সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান করে পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান হয় । তাদেরকে এ সময়ে নিজ নিজ এলাকায় আবস্থান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় ।

০২। দুর্যোগের সতর্কতা বিপদসংকেত উন্নীত হলে বৃদ্ধ নারী, পুরুষ ও শিশুদে কে সবার আগে আশ্রয় কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

০৩। গবাদি পশুকে আশ্রয়কেন্দ্রে / নিরাপদ স্থানে সরিয়ে নিতে হবে ।

০৪। জনসাধারণকে শুকনা খাবার , বিশুদ্ধ পানি, ও দিয়াশলাই সংরক্ষণ করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানান হয় ।

০৫। পুলিশবিভাগ, কোষ্ট গার্ড, রেডক্রিসেন্ট, সিপিপি স্বেচ্ছা সেবক আনসার ও ডিডিপি কর্মকর্তাদের সম্ভাব্য দুর্যোগে উদ্ধার কার্যে প্রস্তুত থাকার জন্য অনুরোধ জানান হয় ।

০৬। বন্যা হলে যে সকল নলকূপ ডুবে যায় সেগুলোকে উচু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে


০৭। যে সকল টয়লেট বর্ষা আসলে ডুবে যায় সে টয়লেট গুলোকে উচু করার পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় ।

০৮। আবহাওয়া অধিদপ্তরের পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত সকল প্রকার নৌযান চলাচল বন্ধ রাখার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভোলা সদর, থানাকে অনুরোধ জানান হয় ।

০৯। বন্যা চলাকালীন দুর্গম এলাকা থেকে জনসাধারণকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে আনার জন্য প্রয়োজনীয় সংখ্যক ট্রলার রিকুইজিশন করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভোলা সদর, থানাকে অনুরোধ জানান হয় ।

১০। সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারীকে দুর্যোগ শেষ না হওয়া পর্যন্ত কর্মস্থল ত্যাগ না করার জন্য বলা হল ।

১১। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভোলা সদর, ভোলা কে দুর্যোগ কালীন সরকারী প্রথমিক/ মাধ্যমিক বিদ্যালয়ের চাবি সহ নৈশ প্রহরীকে সার্বক্ষনিক বিদ্যালয়ে উপস্থিত থাকার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান হয় ।

  
(মোঃ কামাল হোসেন)  
উপজেলা নির্বাহী অফিসার  
ভোলা সদর, ভোলা ।

১২। বন্যা পরবর্তী মেডিকেল টিম প্রস্তুত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানান হয়।

১৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, ভোলা কে বন্যা চলাকালীন ও বন্যা পরবর্তী বেরীবাধ প্রয়োজনে জরুরী মেরামত কার্য পরিচালনার জন্য অনুরোধ জানান হয়।

১৪। অত্র দপ্তরে ১ টি নিয়ন্ত্রন কক্ষ খোলা হয়েছে যান নং ০৪২১৬১৬৬২, ০১৭২৫৪৪৫১৩৯। উক্ত নাম্বারের সাথে সকলকে যোগাযোগ রক্ষা করার জন্য অনুরোধ করা হল।

সভায় কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ কামাল হোসেন)

সভাপতি

উপজেলা দুর্ভোগ ব্যবস্থাপনা কমিটি

ও

উপজেলা নির্বাহী অফিসার

ভোলা সদর, ভোলা।

স্মারক নং ৫১.০১.০৯১৮.০০০.০১.০১৫.১৯-

৫৭৫

তারিখ : ০৮-১১-১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-

০১। জেলা প্রশাসক, ভোলা।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলা সদর, ভোলা।

০৩। জেলা ত্রাণ ও পুনর্বাস কর্মকর্তা, ভোলা।

০৪। উপ-পরিচালক(সিপিপি)ভোলা।

০৫। চেয়ারম্যান----- ইউনিয়ন পরিষদ, ভোলা সদর, ভোলা।

০৬। উপজেলা----- কর্মকর্তা, ভোলা সদর, ভোলা।

০৭। জনাব-----

উপজেলা নির্বাহী অফিসার

ভোলা সদর, ভোলা।